

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.১৮.০৫৪.১৬ (পাট-১)- ৩৬৮

তারিখ : ৩০/০৬/২০১৬ খ্রি :।

কারণ দর্শানোর নোটিশ

আপনি জনাব শেখ মোঃ জাকির হোসেন, জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক) ইংরেজী, বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট। অধ্যক্ষ বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট এর স্মারক নং-বিপই/প্রশা/১-৪৫/১৬/২০৭ তারিখ : ৩০/০৪/২০১৬ খ্রি: মোতাবেক জানা যায় যে, আপনি যথাযথভাবে পাঠদান করেন না। বিভিন্নভাবে গ্রুপিং করে শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ নষ্ট করেছেন। এ ব্যাপারে অধ্যক্ষ কর্তৃক আপনাকে বারবার সতর্ক করা হলেও আপনার আচার আচরনে কোন পরিবর্তন লক্ষ্য করা যায়নি।

আপনার এরূপ কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী “অসদাচরণ” এর সামিল। সে জন্য কেন আপনাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর (৩)বি ধারামতে যথাক্রমে অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করা হবে না তা এই পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে সন্তোষজনক ব্যাখ্যা প্রদানের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে আপনি ব্যক্তিগত গুনানি চান কিনা তা জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।



(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

ও

পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

প্রাপক

জনাব শেখ মোঃ জাকির হোসেন
জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক) ইংরেজী
বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট।

অনুলিপি অবগতির জন্য :

- ১। অধ্যক্ষ, বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৩। নথি।